

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website : www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০১.০০.১৬৪.২০১৬- ৬২০


তারিখ : ৪/৪/১৬

বিষয় : রীট পিটিশন নং-১৮৭৭/২০১৬, বাদী জনাব মোঃ আশিকুর রহমান, পিতা- জনাব আবু বকুর সিদ্দিক, গ্রাম-শেরপুর(মাস্টার বাড়ী), থানা-কোতয়ালী, জেলা-কুমিল্লা-বনাম-সরকার ও অন্যান্য।

স্থানীয় সরকার বিভাগের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের “সহকারী প্রকৌশলী (পুর)/উপজেলা সহকারী প্রকৌশলী” (১ম শ্রেণী) এর ৭৮(আটাত্তর) টি স্থায়ী পদে নিয়োগের জন্য মনোনয়ন সংক্রান্ত বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১৮৭৭/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে মামলাটি প্রতিদ্বন্দ্বিতা করতঃ সময় অত্র বিভাগকে অবহিত করতে হবে। ইংরেজিতে অনুচ্ছেদ ওয়ারী ঘটনার প্রকৃত বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(সৈয়দ মোঃ নূরুল হাসিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪০৯৯৫।

প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশলী অধিদপ্তর(এলজিইডি)।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩ পরীক্ষা নিয়ন্ত্রক(নন ক্যাডার), বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ।
- ৫। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।